



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: সাকুলার নং- বিজিএ/এডমিন/২০২০/৮৭

০১ জুন ২০২০ইং

সম্মানিত সদস্যগণের জন্য

বিষয় : কোভিড-১৯ সংক্রমণের কারণে তৈরী পোশাক কারখানায় শ্রমিকদের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিজিএমইএ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরিত পত্রের অনুলিপি আপনাদের সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এছাড়া আপনাদের অবগতির জন্য আরো জানাচ্ছি যে, কারখানাসমূহে ফ্রি ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে কোভিড-১৯ বিধিমালা কমপ্লাইন্স নিরূপনে সহায়তার অংশ হিসাবে **Inspectorio** এর সঙ্গে সাইন-আপ করাতে কোন বাধ্যবাধকতা নেই। যা সদস্য প্রতিষ্ঠানের সম্পূর্ণ ইচ্ছার উপর নির্ভরশীল। উল্লেখ্য যে, ইতোমধ্যে ১৫০ টি কারখানা **Inspectorio** তে সাইন-আপ করে তাঁদের স্ব মূল্যায়ন সম্পন্ন করেছে। **Inspectorio** মাধ্যমে উপস্থাপনকৃত কারখানার তথ্যাদি শুধুমাত্র বিজিএমইএ'র কাছেই সংরক্ষিত থাকবে যা অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠানের সাথে শেয়ার করা হবে না।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

E:\Minhaj Hossain\Circular for BGMEA Members\Circular (B).doc



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র সেল (বস্ত্র-২), বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নং ২৬.০০.০০০০.১৫২.৯৯.০০২.২০. ১৫


তারিখ: ১ জুন ২০২০

বিষয়: কোভিড-১৯ সংক্রমণের কারণে তৈরি পোশাক কারখানার শ্রমিকদের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিজিএমইএ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণের প্রেক্ষিতে শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে রপ্তানি অব্যাহত রাখতে বেশ কিছু পদক্ষেপ বিজিএমইএ কর্তৃক গ্রহণ করা হয়েছে মর্মে বিজিএমইএ সূত্রে জানা যায়, যা নিয়ে উল্লেখ করা হলো- (কপি সংযুক্ত)

- দেশে কোভিড-১৯ সংক্রমণের প্রেক্ষিতে ২৬ এপ্রিল ২০২০ থেকে বিজিএমইএ কারখানাসমূহে স্বাস্থ্য নিরাপত্তা বিধি প্রতিপালন নিশ্চিত করতে ৬টি পরিবীক্ষণ দল গঠন করেছে। প্রতিটি দল একটি চেকলিস্ট নিয়ে কারখানা পরিবীক্ষণ করেছে। ইতোমধ্যে ৫০২টি কারখানার পরিবীক্ষণ সম্পন্ন হয়েছে। পরিবীক্ষণ প্রক্রিয়াকে আরো গতিশীল করতে বিজিএমইএ <https://inspectorio.com/> শীর্ষক একটি অনলাইন প্ল্যাটফর্ম চালু করেছে, যেখানে সদস্য কারখানাসমূহ নিবন্ধিত হয়ে স্বমূল্যায়ন করবে। বিজিএমইএ এর পরিবীক্ষণ দল দৈবচয়নের মাধ্যমে কারখানাসমূহের কমপ্লায়েন্স প্রতিপালন নিশ্চিত করবে।
- বিজিএমইএ সদস্য কারখানা শ্রমিকদের জন্য একটি হটলাইন চালু করেছে, যার মাধ্যমে বজাবকু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হটলাইনে প্রবেশে সাহায্য করা হচ্ছে। তাছাড়া, শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়ার জন্য বিজিএমইএ Maya এবং World Health for Telemedicine-এ নিবন্ধিত হয়েছে।
- কারখানাসমূহ নিজেদের মধ্যে good practice চর্চা করেছে এবং সেইসাথে প্রতিনিয়ত কোভিড-১৯ এর বিষয়ে শ্রমিকদের মধ্যে সচেতনতা সৃষ্টির কাজ করেছে। যার ফলে তৈরি পোশাক শিল্পে এখন পর্যন্ত কোভিড-১৯ সংক্রমিত রোগীর সংখ্যা সীমিত রাখা সম্ভব হয়েছে।
- বিজিএমইএ শ্রমিকদের জন্য আইসোলেশন বেড-এর ব্যবস্থা রাখার জন্য উত্তরা এবং দারুস-সালামে অবস্থিত ২টি বেসরকারি হাসপাতাল যথাক্রমে ক্রিসেন্ট এবং বারডেম-এর সাথে চুক্তি করেছে।
- শুধুমাত্র তৈরি পোশাক কারখানা শ্রমিকদের জন্য ৪টি পৃথক ল্যাব স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। চন্দ্রাতে স্থাপিত ল্যাবটি ৪ জুন ২০২০ থেকে চালু করা সম্ভব হবে।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।


(মোছাঃ শামীমা আকতার)
সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬৩৬

ই-মেইল: ac.textile@mincom.gov.bd

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৭. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা।
১০. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭ এ, সেক্টর# ১৭, হাউজ#১, উত্তরা, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।